

নম্বর: ৪২৮

তারিখ: ৬/০৮/১৮

২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তিচ্ছু শিক্ষার্থীদেরকে জানানো যাচ্ছে যে, আগামী ০১/০৯/২০১৮ তারিখ হতে ১৯/০৯/২০১৮ তারিখ পর্যন্ত (www.nu.ac.bd/admissions) এ প্রবেশ করে আবেদন ফরম অনলাইনে পূরণ সাপেক্ষে প্রিন্ট কপি নিতে হবে। কলেজ জনতা ব্যাংক বুথ শাখায় সকাল ১০.০০ টা হতে দুপুর ৩.০০টা পর্যন্ত আবেদন ফি বাবদ ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা জমা দিয়ে পূরণকৃত আবেদন ফরম আগামী ১৯/০৯/২০১৮ তারিখের মধ্যে (শুক্রবার ও সরকারি ছুটির দিন ব্যতীত) সকাল ১০.৩০ টা থেকে দুপুর ৩.০০ টা পর্যন্ত ভর্তি কমিটির নিকট (শিক্ষক ক্লাবে) জমা দেয়ার জন্য বলা হলো।

১। আবেদনের সাধারণ যোগ্যতা

ক) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড থেকে যে কোন শাখায় ২০১৫/২০১৬ সালের SSC এবং ২০১৭/২০১৮ সালের HSC পরীক্ষায় আলাদাভাবে ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ২.০ প্রাপ্ত প্রার্থীরা আবেদন করতে পারবে।

খ) অন্যান্য শিক্ষা বোর্ড/বিশ্ববিদ্যালয় থেকে SSC ও HSC সমমানের পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা ১ এর ক নং শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের HSC সমমান কোর্সসমূহ থেকে i) এইচ.এস.সি. (ভোকেশনাল) ii) এইচ.এস.সি. (বিজনেস ম্যানেজমেন্ট) iii) ডিপ্লোমা ইন-কমার্স পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে।

গ) প্রার্থীদের উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় পঠিত বিষয়সমূহ থেকে ভর্তি যোগ্য (Eligible) বিষয় নির্ধারণ করা হবে। উক্ত পঠিত বিষয়ে (২০০ নম্বরের) ন্যূনতম গ্রেড পয়েন্ট ৩.০ থাকতে হবে।

ঘ) ২০১৫/২০১৬ সালের O-Level পরীক্ষায় তিনটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০৪ (চার) টি বিষয়ে উত্তীর্ণ এবং ২০১৭/২০১৮ সালের ALevel পরীক্ষায় একটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০২ (দুই) টি বিষয়ে উত্তীর্ণ প্রার্থীরা এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে তবে প্রার্থীদেও ভর্তি নির্দেশিকার অন্যান্য সকল শর্ত পূরণ করতে হবে। এ সকল প্রার্থী ডীন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি যোগাযোগ করবে।

ঙ) বিদেশী সার্টিফিকেটধারী প্রার্থীদের ক্ষেত্রে বাংলাদেশ-এ স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড কর্তৃক তাদের অর্জিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে নম্বর পত্রের সমতা নিরূপণ করা হলে তারাও এ ভর্তি কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবে। বিদেশী সার্টিফিকেটধারী প্রার্থীদের আবেদনের ক্ষেত্রে ভর্তি নির্দেশিকার সকল শর্ত পূরণ করতে হবে। এ সকল প্রার্থী ডীন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি যোগাযোগ করবে।

চ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে বর্তমানে অধ্যয়নরত (রেজিস্ট্রেশন কার্ড প্রাপ্ত) কোন শিক্ষার্থী ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে পারবে না। তবে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিলপূর্বক ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে পারবে।

ছ) একই অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোন প্রার্থী স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

৩। অনলাইনে আবেদন প্রিন্ট কপির সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি জমা দিতে হবে:

ক) এস.এস.সি ও এইচ.এস.সি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি।

খ) আবেদন ফরমের সাথে (২৫০/- টাকার) ফি প্রদানের মূল রশিদের কলেজের অংশ জমা দিতে হবে।

গ) আবেদন ফরমে মোবাইল নম্বর অবশ্যই লিখতে হবে।

বিঃদ্র: পূরণকৃত আবেদন ফরম আগামী ০৯/০৯/২০১৮ থেকে ১৯/০৯/২০১৮ তারিখ পর্যন্ত কলেজ ভাষ্করের পিছনে ভর্তি কমিটির নিকট জমা দিতে হবে।

(প্রফেসর ড. শেখ আনোয়ার হোসেন-৯০২)

অধ্যক্ষ

কারমাইকেল কলেজ, রংপুর

তারিখ:

নম্বর:

অবগতি ও কার্যার্থে অনুলিপি দেয়া হলো:

১. উপাধ্যক্ষ, এই কলেজ
২. আহবায়ক, ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কমিটি, এই কলেজ
৩. ম্যানেজার, জনতা ব্যাংক লালবাগ বাজার শাখা, রংপুর
৪. কলেজ নোটিশ বোর্ড
৫. সংরক্ষণ নথি

(প্রফেসর ড. শেখ আনোয়ার হোসেন-৯০২)

অধ্যক্ষ

কারমাইকেল কলেজ, রংপুর

(প্রফেসর ড. শেখ আনোয়ার হোসেন-৯০২)

অধ্যক্ষ
কারমাইকেল কলেজ, রংপুর